

🗏 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصَصَ

আয়াতঃ ২৮: ৮১

া আরবি মূল আয়াত:

অতঃপর আমি কার্রান ও তার প্রাসাদকে মাটিতে দাবিয়ে দিলাম। তখন তার জন্য এমন কোন দল ছিল না, যে আল্লাহর মোকাবিলায় তাকে সাহায্য করতে পারত এবং সে নিজেও নিজেকে সাহায্য করতে সক্ষম ছিল না। — আল-বায়ান

অতঃপর আমি ভূগর্ভে প্রোথিত করলাম কার্ননকে ও তার প্রাসাদকে। আল্লাহর ব্যতীত তাকে সাহায্য করার কোন দল ছিল না, আর সে নিজেও নিজেকে রক্ষা করতে পারল না। — তাইসিরুল

অতঃপর আমি কার্ননকে ও তার প্রাসাদকে ভূগর্ভে প্রোথিত করলাম। তার স্থপক্ষে এমন কোন দল ছিলনা যে আল্লাহর শাস্তি হতে তাকে সাহায্য করতে পারত এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিলনা। — মুজিবুর রহমান

And We caused the earth to swallow him and his home. And there was for him no company to aid him other than Allah, nor was he of those who [could] defend themselves. — Sahih International

৮১. অতঃপর আমরা কার্রনকে তার প্রাসাদসহ ভূগর্ভে প্রোথিত করলাম। তার সপক্ষে এমন কোন দল ছিল না যে আল্লাহর শাস্তি হতে তাকে সাহায্য করতে পারত এবং সে নিজেও নিজেকে সাহায্য করতে সক্ষম ছিল না।

তাফসীরে জাকারিয়া

- (৮১) অতঃপর আমি কারানকে ও তার প্রাসাদকে মাটিতে ধসিয়ে দিলাম।[1] তার স্বপক্ষে এমন কোন দল ছিল না, যে আল্লাহর শাস্তির বিরুদ্ধে তাকে সাহায্য করতে পারত এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিল না।
 - [1] অর্থাৎ, কারূনকে তার অহংকারের ফলে প্রাসাদ ও সম্পদসহ ভূগর্ভে ধসিয়ে দিলাম। হাদীসে আছে রস্লুল্লাহ



(সাঃ) বলেছেন, "এক ব্যক্তি তার লুঙ্গি মাটিতে ছেঁচড়ে চলছিল। (আল্লাহর নিকট তার এই অহংকার ঘৃণিত ছিল।) ফলে তিনি তাকে ভূগর্ভে ধসিয়ে দিলেন; সে কিয়ামত পর্যন্ত মাটিতে ধসতেই থাকবে।" (বুখারী পোষাক অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3333

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন